

## রেকর্ড রাখার প্রয়োজনীয়তাগুলি কী?

আপনি খাদ্য ক্রয়ের জন্য রসিদ সহ দৈনিক উপস্থিতি, পরিবেশিত খাবারের সংখ্যা, মেনু এবং প্রস্তুত খাবারের পরিমাণের রেকর্ড রাখবেন। সাধারণত, আপনি আয়ের যোগ্যতার অ্যাপ্লিকেশনগুলিকে বজায় রাখবেন।

## আমি কখন আবেদন করব?

যখন আপনার কাছে ডে-কেয়ার প্রোগ্রামটি পরিচালনা করার অনুমোদন থাকবে এবং আপনি অংশগ্রহণকারীদের নথিভুক্ত করতে শুরু করবেন তখন। অ্যাপ্লিকেশন যে কোন সময় গ্রহণ করা হয়।

## আমি কীভাবে আবেদন করব?

একটি অ্যাপ্লিকেশনের অনুরোধ করতে <https://pns.health.ny.gov/> -তে যান অথবা **1-800-942-3858** নম্বরে CACFP-এর সাথে যোগাযোগ করুন। আপনার প্রোগ্রাম যোগ্য কিনা তা নিশ্চিত করার জন্য একজন কর্মী সদস্য তথ্য সংগ্রহ করবেন। পূরণ করার জন্য একটি কাস্টমাইজড অ্যাপ্লিকেশন আপনাকে মেইল করা হবে।



**CACFP**  
Child and Adult Care Food Program  
New York State Department of Health

150 Broadway, Room 600  
Albany, NY 12204  
1-800-942-3858  
(শুধুমাত্র নিউ ইয়র্ক এ)  
(518) 402-7251  
ফ্যাক্স (518) 402-7252  
cacfp@health.ny.gov  
health.ny.gov/CACFP

এই প্রতিষ্ঠানটি সমান সুযোগ প্রদানকারী।

আমাদের অনুসরণ করুন:  
health.ny.gov  
facebook.com/NYSDOH  
twitter.com/HealthNYGov  
youtube.com/NYSDOH



# সুষম পুষ্টি ঘাটতি পূরণ করে



আপনার প্রদত্ত খাবার এবং  
জলখাবারের জন্য পেমেন্টের ক্ষেত্রে  
আপনার কেন্দ্রটি যোগ্য হতে পারে।

**CACFP**  
Child and Adult Care Food Program  
New York State Department of Health



## শিশু এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যাকেন্দ্রে খাদ্য কর্মসূচী

আপনার কি একটি শিশু পরিচর্যা কেন্দ্র, স্কুল পরবর্তী কার্যক্রম, আপৎকালীন আশ্রয় বা প্রাপ্তবয়স্কদের ডে-কেয়ার কার্যক্রম আছে? স্বাস্থ্যকর খাবার পরিবেশন করতে সাহায্য চান?

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের শিশু এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যাকেন্দ্রে খাদ্য কর্মসূচী (Department of Health's Child and Adult Care Food Program, CACFP) সেবাকেন্দ্রে নথিভুক্ত 13 বছর বয়স পর্যন্ত (কিছু প্রোগ্রামের জন্য 19 বছর বয়স পর্যন্ত) শিশুদের এবং প্রাপ্তবয়স্কদের খাবার এবং জলখাবারের জন্য অর্থ প্রদান করে। ছোট শিশু পরিচর্যা কেন্দ্র থেকে শুরু করে বড় কমিউনিটি পরিষেবা প্রতিষ্ঠান পর্যন্ত – বেশিরভাগ কর্মসূচিই যোগ্য।



### CACFP-এর সুবিধাগুলি কী?

ডে-কেয়ারে অংশগ্রহণকারীদের পরিবেশিত খাবার এবং/অথবা জলখাবারের জন্য মাসিকভাবে ব্যয়-পরিশোধ করা হয়। নিবন্ধিত ডায়েটিশিয়ান, অ্যাকাউন্ট্যান্ট এবং অন্যান্য CACFP কর্মীরা আপনাকে স্বাস্থ্যকর খাবারের পরিকল্পনা করতে এবং প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে সহায়তা করবে।

### আমি কত টাকা ব্যয়-পরিশোধ পেতে পারি?

ব্যয়-পরিশোধের পরিমাণ পরিবেশিত খাবারের ধরন দ্বারা নির্ধারিত হয়। এছাড়াও, নিম্ন আয়ের পরিবারগুলিকে পরিষেবা প্রদানকারী কেন্দ্রগুলি উচ্চতর ব্যয়-পরিশোধ পায়।

### খাবারের কী থাকা প্রয়োজনীয়?

- **সকালের খাবারে** দুধ, একটি সজ্জি বা ফল, এবং একটি দানাশস্য বা রুটি থাকে। আপনি প্রতি সপ্তাহে তিনবার দানাশস্য বা রুটির পরিবর্তে মাংস বা মাংসের বিকল্প পরিবেশন করতে পারেন।
- **দুপুরের এবং রাতের খাবারে** দুধ, রুটি বা দানাশস্য, মাংস বা মাংসের বিকল্প, দুটি সজ্জি, বা একটি সজ্জি এবং একটি ফল থাকা প্রয়োজন।
- **জলখাবার** যাতে নিম্নলিখিত দুটি জিনিস রয়েছে: দুধ, মাংস বা মাংসের বিকল্প, রুটি বা শস্য দানাশস্য, একটি সজ্জি, বা একটি ফল।

### কোন ধরনের প্রোগ্রামগুলি যোগ্য?

- লাইসেন্সপ্রাপ্ত শিশু পরিষেবা কেন্দ্রসমূহ যেগুলি 12 বছর বা তার কম বয়সী শিশুদের বা 15 বছর বা তার কম বয়সী অভিবাসী শিশুদের পরিষেবা প্রদান করছে।
- স্কুল পরবর্তী কার্যক্রমসমূহ যেগুলি 13 বছর বয়স পর্যন্ত শিশুদের পরিষেবা প্রদান করছে। কার্যক্রমগুলি অবশ্যই লাইসেন্সপ্রাপ্ত/নিবন্ধিত বা লাইসেন্সিং/নিবন্ধন থেকে অব্যাহতি পাওয়ার জন্য নির্ধারিত হয়েছে এমন হতে হবে।
- স্কুল পরবর্তী কার্যক্রমগুলি 12 বছরের বেশি বয়সী কিশোরদের জন্য উপযুক্ত হবে যদি তারা কম আয়ের এলাকায় বসবাস করে।
- প্রাপ্তবয়স্কদের ডে-কেয়ার প্রোগ্রামসমূহ যেগুলি কার্যকরীভাবে প্রতিবন্ধী অংশগ্রহণকারীদের বা 60 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের পরিষেবা প্রদান করে। প্রাপ্তবয়স্কদের ডে-কেয়ার প্রোগ্রামগুলির কাজ করার জন্য স্টেট বা স্থানীয় সংস্থার থেকে অনুমোদন থাকতে হবে।
- আপৎকালীন আশ্রয়কেন্দ্র সমূহ যেগুলি 19 বছর বয়স পর্যন্ত পিতামাতা বা অভিভাবকের সাথে বসবাসকারী শিশুদের পরিষেবা প্রদান করে। আশ্রয়কেন্দ্রগুলির কাজ করার জন্য স্টেট বা স্থানীয় সংস্থার থেকে অনুমোদন থাকতে হবে।

যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানসমূহ হল সেইগুলি যাদের আভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা, সরকারী বিদ্যালয় এবং অন্যান্য সরকারি সংস্থার কাছ থেকে কর-অব্যাহতির (সাধারণত 501(c)(3)) মঞ্জুরি দেওয়া হয়েছে।

লাভজনক প্রতিষ্ঠানগুলি যোগ্য যদি কমপক্ষে অংশগ্রহণকারীদের 25% কম আয়ের হয়।